



ঠোটকাটা এবং তালুকাটা নিয়ে জন্মগ্রহণকারী কতজন শিশু সারাবিশ্বে রয়েছে তা কেউ জানে না। এদের অনেকেই কখনো সঠিকভাবে খাওয়া বা কথা বলতে পারে না, কখনো স্কুলে যাবে না বা চাকরি করবে না। কত মেয়ে এবং ছেলেরা কখনো হাসতে না পেরে তাদের পুরো জীবন কাটাবে। সবচেয়ে বড় ট্র্যাজিডি হলো, এই শিশুরা যে শুধু ঠোটকাটা বা তালুকাটা নিয়ে জন্মাচ্ছে তা নয়; এরা জন্মগ্রহণ করছে দরিদ্র পরিবারে। বাংলাদেশে এই শিশুদের সহায়তা করাই স্মাইল ট্রেন-সেন্ট্রাল হাসপাতাল ক্লেফট প্রকল্পের লক্ষ্য। আমরা ঠোটকাটা এবং তালুকাটা রোগীদের বিনামূল্যে শল্য চিকিৎসা (অস্ত্রোপচার) এবং এ সম্পর্কিত অন্যান্য চিকিৎসাসেবা প্রদান করি। ফিরিয়ে দেই অমলিন হাসি।

অপারেশনের সঠিক সময়

ঠোটকাটা অপারেশন	: ৩-৬ মাস বয়সে
তালুকাটা অপারেশন	: ৯-১২ মাস বয়সে
মাড়ির অপারেশন	: ৭-৯ বছর বয়সে
নাকের বিকৃতির অপারেশন	: ১৬-১৮ বছর বয়সে

ঠোট/তালুর বিকৃতির ধরণ এবং শিশুদের শারীরিক অবস্থা বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট চিকিৎসক অপারেশনের সঠিক সময় নির্ধারণ করবেন।

স্মাইল ট্রেন-সেন্ট্রাল হাসপাতাল ক্লেফট প্রকল্পের মাধ্যমে ২০০৩ থেকে ২০১৯ সাল পর্যন্ত প্রায় ৭০০০ জন্মগত ঠোটকাটা ও তালুকাটা রোগীর বিনামূল্যে সফল অপারেশন সম্পন্ন করা হয়েছে।



SmileTrain
Changing the World One Smile at a Time

সেন্ট্রাল হাসপাতাল লিমিটেড

বাড়ি ২, রোড ৫, গ্রীনরোড, ধানমন্ডি, ঢাকা।
সাক্ষাতের সময়: বিকাল ৩টা-৬টা (শুক্রবার বন্ধ)

এপয়ন্টমেন্টের জন্য: ০১৫৫৬-৩০৪১৫৩

✉ masumscare@gmail.com f /smiletraincentralhospital

স্মাইল ট্রেন-সেন্ট্রাল হাসপাতাল ক্লেফট প্রকল্প

জন্মগত ঠোটকাটা ও তালুকাটা রোগীদের
সম্পূর্ণ বিনামূল্যে অপারেশন করা হয়



SmileTrain
Changing the World One Smile at a Time

প্লাস্টিক সার্জন

ডাঃ মোঃ মাহবুবুর রহমান

এমবিবিএস, এফসিপিএস (প্লাস্টিক সার্জারি)

বিএমডিসি রেজি: নং- ৩৮২৬৩

মোবাইল: ০১৭১৫-১২৮২৭৮

শিশুর জন্ম এক বিস্ময়কর ঘটনা। কিন্তু যে শিশু ঠোঁটকাটা বা তালুকাটা নিয়ে জন্মায় তার সেই জন্মানোটা পিতামাতার কাছে নির্মম আঘাতস্বরূপ হয়ে উঠে। এ ধরনের বিকৃতি শিশুর মুখের গড়নটাই পুরোপুরি বদলে দেয়।

কাকে বলে ঠোঁটকাটা বা তালুকাটা?

উপরের ঠোঁটে মূল গঠনের মধ্যে ভাগ বা ফাঁক থাকলে তাকে বলা হয় ঠোঁটকাটা। তালুকাটা শব্দটির ব্যবহার হয় যখন মুখের মধ্যকার উপরের আস্তরনে ফাটল থাকে। বিকৃতির তীব্রতার মাত্রাগত তারতম্য হতে পারে। তীব্রতম আকারের ক্ষেত্রে ঠোঁটের ও তালুর বিভক্তির সাথে দাঁতের মাড়িতেও বিভক্তি থাকে। তাকে বলে- ঠোঁট ও তালুর সম্পূর্ণ বিভক্তি। এ বিকৃতি একদিকে কিংবা দুই দিকেই থাকতে পারে।

বিকৃতি যে ধরনেরই হোক, সঠিক চিকিৎসার মাধ্যমে এর সুষ্ঠু সমাধান সম্ভব। অবশ্য এ চিকিৎসা এ বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত প্লাস্টিক সার্জনকেই করতে হবে। যদি আপনার শিশুর শুধুমাত্র ঠোঁটকাটা থাকে তবে তাকে সারিয়ে দিতে একবার অস্ত্রোপচারই যথেষ্ট হবে। শিশুর চেহারা এবং কথা-বলা স্বাভাবিক হয়ে যাবে এবং কয়েক বছর পরে কাটা দাগটা প্রায় বোঝাই যাবে না। একইভাবে, যখন শুধুমাত্র তালুকাটা থাকে, সেটা একবার অস্ত্রোপচারই মুখের মধ্যকার উপরের আস্তরনের বিভক্তি বন্ধ করার জন্য যথেষ্ট। যদি আপনার শিশুর একইসঙ্গে ঠোঁটকাটা ও তালুকাটা থাকে, তা হলে শৈশবে সাধারণত দুইটি অস্ত্রোপচারের প্রয়োজন হবে।

কত শিশুর এরকম হয়?

বাংলাদেশে আনুমানিক প্রতি ৫০০ জন শিশুর মধ্যে একজন জন্মায় এ ধরনের জন্মগত ত্রুটি নিয়ে।

ঠোঁটকাটা ও তালুকাটা শিশুর চিকিৎসা

জন্মের পরপরই আপনার শিশুকে একজন প্লাস্টিক সার্জন দ্বারা পরীক্ষা করানো উচিত। এর ফলে বিভক্তির গুরুত্ব বা মাত্রা কতখানি তা নির্ধারণ করা সম্ভব হবে এবং আপনিও শিশুর ভবিষ্যৎ নিয়ে আলোচনা করার সুযোগ পাবেন।



ঠোঁটকাটা রোগীর অস্ত্রোপচার

শিশুর বয়স তিন থেকে ছয় মাস হলে অস্ত্রোপচার করা হয়। শিশুর ওজন-বয়স অনুযায়ী ভালো অবস্থায় হওয়া চাই।

তালুকাটা রোগীর অস্ত্রোপচার

শিশু কথা বলা শুরু করার আগেই বিভক্ত তালু অস্ত্রোপচার করে ফেলা উচিত। অর্থাৎ শিশুর বয়স ৯ মাস হতে ১২ মাসের মধ্যে করতে হবে যদি শিশুর অন্য কোন সমস্যা না থাকে। তালুর অস্ত্রোপচার যত দেরীতে করাবেন, শিশুর স্বাভাবিক কথা বলার সম্ভাবনা ততই কমতে থাকবে। মনে রাখতে হবে সঠিক সময়ে সঠিকভাবে অস্ত্রোপচার করার উপর নির্ভর করছে আপনার শিশুর স্পষ্ট কথা বলা।

শিশুর দাঁতের ধারাবাহিক যত্ন

ঠোঁটকাটা বা তালুকাটা নিয়ে যে শিশুর জন্ম হয় তার দাঁতের যত্ন খুবই গুরুত্বপূর্ণ। এদের অনেকের দাঁতের অস্বাভাবিকতা থাকে, হয় ওঠেনি অথবা হয়তো অস্বাভাবিক স্থানে রয়েছে। এজন্য এধরনের প্রত্যেক শিশুকে নিয়মিত দাঁতবিষয়ক বিশেষজ্ঞের তত্ত্বাবধানে রাখা উচিত। যদিও দাঁতের কার্যকরী চিকিৎসা তিন থেকে সাড়ে তিন বছর বয়সের আগে শুরু হয়না, তবুও সর্বাঙ্গীন চিকিৎসা পরিকল্পনার জন্য শৈশবেই মূল্যায়ন করা জরুরী।

শিশুর শ্রবণশক্তি

তালুকাটা শিশুদের কানের সমস্যা অন্য শিশুদের চেয়ে বেশি। কান-নাক-গলা বিশেষজ্ঞের দ্বারা নিয়মিত কান/শ্রবণশক্তি পরীক্ষা করানো উচিত।

শিশু কি সঠিকভাবে কথা বলতে পারবে?

কোন কোন তালুকাটা শিশুর কথা বলায় অসুবিধা দেখা দেয়। কিন্তু সঠিক সময় অস্ত্রোপচার করলে অথবা যদি প্রথম অবস্থায়ই স্পীচ থেরাপিস্টের নজরে আনা যায়, তাহলে সমস্যাটি কাটিয়ে ওঠা যায় এবং তার ফলে বলা যায়, স্কুলে যাবার বয়সে শিশু স্বাভাবিকভাবেই কথা বলতে পারবে। এসব ক্ষেত্রে মা-বাবার সতর্ক হওয়া খুবই জরুরী।

আপনার সন্তানের ঠোঁট ও তালু বিভক্ত হলেও একজন সম্পূর্ণ স্বাভাবিক শিশু। এসব শিশুদের খাওয়া, চিকিৎসা এবং যত্নের প্রতি একটু বেশি মনোযোগী হওয়া প্রয়োজন। শিশুর ত্রুটি বা বিভক্তির বিষয়ে স্কুল শিক্ষকদেরকে অবশ্যই অবগত হতে হবে। এ শিশুদেরও লেখাপড়ার যথেষ্ট যোগ্যতা আছে এবং এরা অবশ্যই পারবে জীবনে সর্বোচ্চ সাফল্য অর্জন করতে।

